

গাজীপুরে ব্রি'র অডিটোরিয়ামে আগুন

গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) কাজী বদরুদ্দোজা অডিটোরিয়ামে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। শুক্রবার এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা প্রায় এক ঘণ্টার চেষ্টায় আগুন নেভায়। জয়দেবপুর ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার হাসিবুল ইসলাম জানান, আড়াইটার দিকে ব্রি'র কাজী বদরুদ্দোজা অডিটোরিয়ামে অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়। ফায়ার সার্ভিসের কর্মীরা প্রায় এক ঘণ্টা চেষ্টায় আগুন নেভায়। আগুনে অডিটোরিয়ামের ডেকোরেশন, বেশকিছু চেয়ার পুড়ে গেছে এবং দুটি এসি ক্ষতিগ্রস্ত হয়েছে।